



সামছূন্যাহার বেগম

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ,
অর্থ মন্ত্রণালয়।

উপানুষ্ঠানিক পত্র নং-০৪

তারিখঃ ৩০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০১৮খ্রিঃ

প্রিয় জেলা প্রশাসক

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, জাতীয় সঞ্চয় অধিদপ্তর অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন অভ্যন্তরীণ সম্পদ বিভাগের একটি অধিদপ্তর। মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ খ্রিষ্টাব্দে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগে “জাতীয় সঞ্চয় পরিদপ্তর” প্রতিষ্ঠা লাভ করে। দীর্ঘ ৪২ বছর পর ফেব্রুয়ারী ২০১৪ খ্রিষ্টাব্দে বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে জাতীয় সঞ্চয় পরিদপ্তর অধিদপ্তরে-এ উন্নীত হয়। জাতীয় সঞ্চয় অধিদপ্তর দেশের অর্থনীতিতে ও সামাজিক নিরাপত্তায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বিক্ষিপ্তভাবে ছড়িয়ে ছিটিয়ে থাকা ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জাতীয় সঞ্চয় স্কিমসমূহের মাধ্যমে আহরণ করে জাতীয় বাজেটে ঘাটতি পূরণ, বৈদেশিক নির্ভরতা হ্রাস ও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে এ অধিদপ্তর।

০২। স্বল্প আয়ের সাধারণ মানুষকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণের মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিতকরণসহ গ্রাহক সেবা কাজিত পর্যায়ে নিয়ে যেতেই আগামী ০৭-১৩ এপ্রিল ২০১৮খ্রিঃ তারিখ পর্যন্ত ‘সঞ্চয় সপ্তাহ-২০১৮’ উদযাপনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। চলো সবাই সঞ্চয় করি, ডিজিটাল বাংলাদেশ গড়ায় সহায়তা করি-এ মূল প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে এবারের সঞ্চয় সপ্তাহ উদযাপিত হবে। মাঠ প্রশাসনের প্রধান নির্বাহী এবং সমন্বয়ক হিসেবে ‘সঞ্চয় সপ্তাহ-২০১৮’ উদযাপনে আপনার সহযোগিতা কামনা করি। এ বিষয়ে জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত সহকারী পরিচালক/সঞ্চয় অফিসার আপনার সাথে সঞ্চয় সপ্তাহের কর্মসূচী পালনে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখবেন।

০৩। আপনার যোগ্য ও গতিশীল নেতৃত্বে জেলার অন্যান্য কর্মকর্তাদের ন্যায় “সঞ্চয় সপ্তাহ-২০১৮” সফলভাবে উদযাপিত হবে বলে প্রত্যাশা রাখছি। পরিশেষে আপনার ও আপনার অন্যান্য সহকর্মীদের জন্য শুভ কামনা করছি।

আন্তরিকভাবে আপনার

শ্রদ্ধেহানে,

সামছূন্যাহার বেগম

জেলা প্রশাসক

সকল

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

০১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।